



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

UGC



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।

স্মারক নং হাবিপ্রবি/ হিসাব/১৭৩

তারিখ : ২৯/১০/২০২৩ খ্রীঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “আয়কর আইন-২০২৩” এর ধারা ১৬৬ (১)(গ), ধারা ১৬৭ (১) ও ধারা ২৬৪ (৩)২৭ অনুযায়ী এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্মারক নং ৩৭.০১.০০০০.০৫১.০১.০০৩.২৩.৩৫, তারিখ : ১৩/১০/২০২৩ খ্রীঃ -এর পত্র মোতাবেক আয়কর আইন ২০২৩-এ প্রত্যেক গণকর্মচারীর বেতন গ্রেড নির্বিশেষে আয়কর রিটার্ণ দাখিল করা বাধ্যতামূলক।

এমতাবস্থায়, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের আয়কর রিটার্ণ আগামী ১৫/১১/২০২৩ ইং তারিখের মধ্যে হিসাব শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, যারা সরাসরি আয়কর রিটার্ণ আয়কর অফিসে জমা দিবেন তাঁদেরকে অবশ্যই আগামী ১০/১২/২০২৩ ইং তারিখের মধ্যে প্রাপ্তি স্বীকারপত্র হিসাব শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে-

(মোঃ মিজানুর রহমান)

পরিচালক (হিসাব) দায়িত্বপ্রাপ্ত
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দিনাজপুর।